

## আল-আদাবুল মুফরাদ

হাদিস নম্বরঃ ১৩৮

ভদ্র আচার ব্যবহার

পরিচ্ছেদঃ ৭৭- ইয়াতীমের জন্য দয়ার্দ্ৰ পিতৃতুল্য হও।

### بَابُ كُنَّ لِلْيَتِيمِ كَالْأَبِ الرَّحِيمِ

আরবী

نَجِيحُ أَبُو عُمَارَةَ قَالَ: سَمِعْتُ الْحَسَنَ يَقُولُ: لَقَدْ عَهَدْتُ الْمُسْلِمِينَ، وَإِنَّ الرَّجُلَ مِنْهُمْ لِيُصْبِحُ فَيَقُولُ: يَا أَهْلِيهِ، يَا أَهْلِيهِ، يَتِيمَكُمُ يَتِيمَكُمُ، يَا أَهْلِيهِ، يَا أَهْلِيهِ، مَسْكِينَكُمُ مَسْكِينَكُمُ، يَا أَهْلِيهِ، يَا أَهْلِيهِ، جَارِكُمْ جَارِكُمْ، وَأُسْرِعَ بِخِيَارِكُمْ وَأَنْتُمْ كُلَّ يَوْمٍ تَرْدُلُونَ. وَسَمِعْتُهُ يَقُولُ: وَإِذَا شِئْتَ رَأَيْتَهُ فَاسِقًا يَتَعَمَّقُ بِثَلَاثِينَ أَلْفًا إِلَى النَّارِ مَا لَهُ قَاتَلَهُ اللَّهُ؟ بَاعَ خَلَاقَهُ مِنَ اللَّهِ بِثَمَنٍ عَنَزٍ، وَإِنْ شِئْتَ رَأَيْتَهُ مُضَيِّعًا مُرَبِّدًا فِي سَبِيلِ الشَّيْطَانِ، لَا وَاعِظَ لَهُ مِنْ نَفْسِهِ وَلَا مِنَ النَّاسِ.

বাংলা

১৩৮। হাসান বসরী (রহঃ) বলেন, আমি এমন মুসলিমদের সাক্ষাৎ পেয়েছি, যাদের কেউ ভোরে উপনীত হয়ে তার পরিজনকে বলতেন, “হে আমার পরিবার, হে আমার পরিবার! তোমাদের ইয়াতীম, তোমাদের ইয়াতীম। হে আমার পরিবার, হে আমার পরিবার! তোমাদের দরিদ্রজন, তোমাদের দরিদ্রজন। হে আমার পরিবার, হে আমার পরিবার! তোমাদের প্রতিবেশী, তোমাদের প্রতিবেশী। তোমাদের সেই উৎকৃষ্টগণ (সাহাবীগণ) তো চলে গেলেন, আর তোমরা তো দিন দিন অধঃপতিত হচ্ছে। তিনি আরো বলেন, তুমি ইচ্ছা করলে দেখতে পাবে যে, পাপাচারী তিরিশ হাজার টাকার বিনিময়ে জাহান্নামের গভীরে প্রবেশ করছে। তার কি হলো! আল্লাহ তাকে ধ্বংস করুন। সে আল্লাহর কাছে তার প্রাপ্য অংশ একটি ছাগলের মূল্যে বিকিয়ে দিলো। তুমি ইচ্ছা করলে দেখতে পাবে যে, সে শয়তানের রাস্তার ইতর অনুসারী। সে নিজ বিবেকের উপদেশও গ্রহণ করে না এবং অন্যের উপদেশেও কর্ণপাত করে না।

## English

Al-Hasan said, "I remember a time among the Muslims when their men would shout (to remind their families), 'O family! O family! (Look after) your orphan! Your orphan! O family! O family! (Look after) your orphan! Your poor

person! Your poor person! O family! O family! (Look after) your neighbour! Your neighbour!' Time has been swift in taking the best of you while every day you become baser."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=45453>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন